

যুগ্মাত্মক

বশেমুরবিপ্রবি

ইটিই শিক্ষার্থীদের ক্লাস পরীক্ষা বর্জন অব্যাহত

প্রকাশ : ৩০ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংকরণ

 গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইটিই) বিভাগের শিক্ষার্থীরা আন্দোলন অব্যাহত রেখেছেন। বিভাগ পরিবর্তন দাবিতে তাদের ক্লাস ও পরীক্ষা বর্জন কর্মসূচির তৃতীয় দিনে মঙ্গলবার সংবাদ সম্মেলন করেন তারা। রোববার সকাল ১০টা থেকে শ্রেণিকক্ষের সামনে বিভাগের ২৫০ শিক্ষার্থী এ অবস্থান কর্মসূচি শুরু করেন। এ সময় দাবির পক্ষে বিভিন্ন প্ল্যাকার্ড বহন করা হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ইটিই'র তৃতীয় বিভাগের শিক্ষার্থী সিহাব শাহারিয়ার। সংবাদ সম্মেলনে বলা হয়, দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ইটিই বিভাগটি ইইই বিভাগের সঙ্গে এক হয়ে গেছে। ১৭ অক্টোবর ইটিই বিভাগের চেয়ারম্যান-বর্তমান দায়িত্বপ্রাপ্ত ভিসিতে তারা স্মারকলিপি দিয়েছেন। এতে বিভাগ পরিবর্তনের মৌকাকতা তুলে ধরা হয়েছে। ১ সপ্তাহ আগে তারা ক্লাস বর্জন শুরু করেন। শিক্ষকরা চাকরির বাজারের ইটিই'র অবস্থান এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ইটিই বিলুপ্তির বিষয়টি স্বীকার করেন। তারা সমস্যা সমাধানেরও আশ্বাস দেন। স্মারকলিপি প্রদানের পর ১০ দিন চলে গেলেও প্রশাসন কোনো পদক্ষেপ নেয়নি। যে কারণে তারা ক্লাস ও পরীক্ষা বর্জনসহ ডিপার্টমেন্টের সামনে অবস্থান কর্মসূচি শুরু করেছেন। দাবি মেনে না নেয়া পর্যন্ত আন্দোলন চলবে।

বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত ভিসি ও ইটিই বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মো. শাহজাহান জানান, তিনি সাময়িক সময়ের জন্য ভিসি। শুধু রুটিন কাজগুলো করছেন। নতুন ভিসি নিয়োগ হলে তিনি শিক্ষার্থীদের দাবি বিবেচনা করে ব্যবস্থা নিতে পারবেন।

তাছাড়া বিভাগ পরিবর্তনের প্রক্রিয়া বাস্তবায়নে অনেক সময় প্রয়োজন। ইটিই বিভাগের চেয়ারম্যান হিসেবে যা করণীয় তা অফিসিয়ালী শুরু করেছেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।